



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

“শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার”

নং পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২২-২৩/১৪০৬

তারিখঃ ০২/০৩/২০২৩খ্রি.

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা/সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল জেলা/উপজেলা।

বিষয়: জুনিয়র অফিসার (মাঠ) ও মাঠ সহকারীগণের যাতায়াত ভাতা ও মোবাইল বিল প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৯/০১/২০২৩ তারিখের ৮৮ তম সভায় জুনিয়র অফিসার (মাঠ) ও মাঠ সহকারীগণের যাতায়াত ভাতা ও মোবাইল বিল সংক্রান্ত বিষয়ে উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে:

সিদ্ধান্ত:

- শাখায় কর্মরত প্রতি জুনিয়র অফিসার (মাঠ)-কে যাতায়াত ভাতা বাবদ মাসিক ৪০০/- (চারশত) টাকা ও মোবাইল বিল বাবদ প্রদানকৃত মাসিক ৩০০/- (তিনশত) টাকা প্রদানের অনুমোদন করা হলো।
- শাখায় কর্মরত প্রতি মাঠ সহকারীকে যাতায়াত ভাতা বাবদ মাসিক ৪০০/- (চারশত) টাকা ও মোবাইল বিল বাবদ মাসিক ৩০০/- (তিনশত) টাকা প্রদানের অনুমোদন করা হলো।
- উক্ত সুবিধা ০১/০২/২০২৩ তারিখ হতে কার্যকর হবে।
- জেলা কার্যালয় উঠান বৈঠক অনুষ্ঠান এবং পারফরমেন্স এর বিষয়টি নিশ্চিত হয়ে উক্ত টাকা প্রদানের জন্য অনুমোদন প্রদান করবেন।

০২। শাখায় কর্মরত যে সকল জুনিয়র অফিসার (মাঠ) ব্যাংক কর্তৃক প্রদানকৃত কর্পোরেট সিম ব্যবহার করেন, সে সকল জুনিয়র অফিসার (মাঠ) সিদ্ধান্ত “ক”-তে উল্লিখিত মোবাইল বিল বাবদ ৩০০/- (তিনশত) টাকা প্রাপ্য হবেন না।

০৩। শাখার জুনিয়র অফিসার (মাঠ) ও মাঠ সহকারীগণের মাসিক বিল সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে একসাথে উত্তোলন করতে হবে। মাসের শেষ কর্মদিবস সরকারি ছুটির দিন হলে এর পূর্বের কর্মদিবসে উক্ত বিল উত্তোলন করা যাবে।

০৪। বিল প্রদানের পর যাতায়াত ভাতার জিএল কোড ৯০১০৩০০৯ এবং মোবাইল বিলের জিএল কোড ৯০১০৭০০৩ -এ পোস্টিং প্রদান করতে হবে।

০৫। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারি করা হলো।

অনুমোদনক্রমে,

(দীপংকর রায়)

মহাব্যবস্থাপক

তারিখঃ ০২/০৩/২০২৩খ্রি.

নং পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২২-২৩/১১০৬২

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে:

- পিএস টু চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সহকারী প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- নথি।

(ইলিয়াস মোহাম্মদ মাসুম বিল্লাহ)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা